# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩২৭

১/ বিবিধ

আরবী

المتمسك بسنتي عند فساد أمتي له أجر شهيد
ضعيف

أخرجه أبو نعيم في " الحلية " (8 / 200) من طريق الطبراني وهذا في " الأوسط " (2 / 31 / 5746) حدثنا محمد بن أحمد بن أبي خيثمة، حدثنا محمد بن صالح العذري حدثنا (عبد المجيد بن) عبد العزيز بن أبي رواد عن أبيه عن عطاء عن أبي هريرة مرفوعا، وقال: غريب من حديث عبد العزيز عن عطاء، كذا قال وزاد الطبراني: تفرد به ابنه عبد المجيد
قلت: وهو مختلف فيه، وفي " التقريب ": صدوق يخطيء، ومحمد بن صالح العذري بالذال المعجمة أو المهملة لم أعرفه، وقال الهيثمي في " المجمع " (1 / 172) : رواه الطبراني في " الأوسط " وفيه محمد بن صالح العدوي (كذا) ولم أر من ترجمه، وبقية رجاله ثقات
ومنه تعلم أن قول المنذري (1 / 41) : وإسناده لا بأس به، ليس كما ينبغي
ويغني عنه حديث: " إن من ورائكم أيام الصبر للمتمسك فيهن يومئذ بما أنتم عليه أجر خمسين منكم ... " الحديث، وهو مخرج في " الصحيحة " (494)

বাংলা

৩২৭। আমার উম্মাতের কলহ-বিবাদের সময় আমার সুন্নাতকে ধারণকারীর জন্য এক শহীদের সওয়াব রয়েছে।

হাদীসটি দুর্বল।

এটি আবু নু'য়াইম “আল-হিলইয়াহ" গ্রন্থে (৮/২০০) তাবারানীর "মুজামুল আওসাত" গ্রন্থের (২/৩১/৫৭৪৬) সূত্র হতে ... বর্ণনা করেছেন। অতঃপর আবু নু'য়াইম বলেছেনঃ এটি গারীব। তিনি যা বলেছেন তেমনই। তবে তাবারানী একটু বেশী বলেছেনঃ আব্দুল আযীযের পুত্র আব্দুল মজীদ এককভাবে এটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তার ব্যাপারে মতভেত রয়েছে। “আত-তাকরীব" গ্রন্থে এসেছেঃ তিনি সত্যবাদী, ভুল করতেন। এছাড়া সনদের আরেক বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু সালেহ আযারীকে আমি চিনি না। হায়সামীও "আল-মাজমা" গ্রন্থে (১/১৭২) বলেছেনঃ তার জীবনী কে রচনা করেছেন আমি তা পাচ্ছি না।

এ হাদীস হতে আমাদেরকে মুক্ত রাখতে পারে "সহীহাহ" গ্রন্থের মধ্যে (৪৯৪) যে হাদীসটি উল্লেখ করেছি সেটিঃ “তোমাদের পরে ধৈর্য ধারণের দিন আসছে। সে সব দিনগুলোতে আজকে তোমরা যার উপর আছ, তাকে ধারণকারীগণ তোমাদের পঞ্চাশ জনের সমান সওয়াব পাবে...”।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5586

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন